

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪২৫২

পর্ব ২১: খাদ্য (১৯৯১)

পরিচ্ছেদঃ ১. দিতীয় অনুচ্ছেদ - অতিথি আপ্যায়ন প্রসঙ্গে

### আরবী

وَعَنْ وَحْشِيّ بْنِ حَرْبٍ عَنْ أَبِيهِ عَنْ جَدِّهِ: إِنَّ أَصْحَابَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالُوا: يَا رَسُولَ اللَّهِ إِنَّا نَأْكُلُ وَلَا نَشْبَعُ قَالَ: «فَلَعَلَّكُمْ تَفْتَرِقُونَ؟» قَالُوا: نَعَمْ قَالَ: «فَاجْتَمِعُوا عَلَى طَعَامِكُمْ وَاذْكُرُوا اسْمَ اللَّهِ يُبارِكْ لكم فِيهِ» . رَوَاهُ التِّرْمِذِيّ

#### বাংলা

8২৫২-[১০] ওয়াহশী ইবনু হারব (রহঃ) তাঁর পিতা হতে, তিনি তাঁর দাদা হতে বর্ণনা করেন, একদিন রসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম-এর সাহাবীগণ জিজ্ঞেস করলেনঃ হে আল্লাহর রসূল! আমরা খানা-পিনা করি বটে, কিন্তু আমরা পরিতৃপ্ত হই না। তিনি (সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ সম্ভবতঃ তোমরা পৃথক পৃথকভাবে খাবার খাও। তাঁরা বললেনঃ জ্বী হ্যাঁ! অতঃপর তিনি (সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ তোমরা সমবেতভাবে খাবার খাবে এবং আল্লাহর নাম নেবে। এতে তোমাদের খাবারের মধ্যে বারাকাত আসবে। (তিরমিযী)[1]

## ফুটনোট

[1] হাসান : আবূ দাউদ ৩৭৬৪, ইবনু মাজাহ ৩২৮৬, সিলসিলাতুস্ সহীহাহ্ ৬৬৪, সহীহ ইবনু হিবান- তাহকীক আরনাউত্ব : ৫২২৪, শু'আবূল ঈমান ৫৮৩৫, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ২১২৮, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ১০৬৫৯, আল মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ১৭৮২৪।

#### ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (﴿وَلَا نَشْبَعُ) "আমরা পরিতৃপ্ত হই না" অর্থাৎ আমরা চাই অল্পে তুষ্ট হতে এবং আনুগত্যের জন্য শক্তি লাভ করতে। (মিরক্বাতুল মাফাতীহ)

(تَفْتَرقُونَ) ''তোমরা পৃথক পৃথক খাবার খাও'' অর্থাৎ তোমাদের পরিবারের প্রতি সদস্য পৃথক পৃথক হয়ে খাবার



খাও। একত্রে বসে খাবার খাও না। ('আওনুল মা'বূদ ৬ষ্ঠ খন্ড, হাঃ ৩৭৬০; মিরকাতুল মাফাতীহ)

অত্র হাদীস এবং আরো কিছু হাদীস আছে যেগুলো থেকে একত্রে বসে এক পেস্নটে খাওয়ার প্রমাণ পাওয়া যায়। তবে আলাদা হয়ে বসে খাওয়ারও প্রমাণ আছে।

মহান আল্লাহ বলেন.

نَيْسُ عَلَيْكُمْ جُنَاحٌ أَنْ تَأْكُلُوا جَمِيعًا أَوْ أَشْتَاتًا "…তোমরা এক সাথে খাও বা পৃথক পৃথক খাও তাতে কোন সমস্যা নেই…।" (সূরাহ্ আন্ নূর ২৪ : ৬১)

এক সাথে খাওয়া উত্তম তবে আলাদা হয়ে খেলেও তাতে গুনাহ হবে না। আমাদের দেশে কতিপয় মাদ্রাসার পরিচালক আছেন যারা সকলকে একত্রে, এক থালায় কয়েকজনকে খেতে বাধ্য করেন। জানি না তারা বাসায়ও নিজের পরিবারের সাথে এক থালায় খাবার খান কিনা। আল্লাহ সবাইকে সঠিক বোঝার তাওফীক দান করুন। আমীন। [সম্পাদক]

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ ওয়াহশী ইবন হারব (রহঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন